



**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT - SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**5 December 2025**

**7:35 AM IST**

राज्येर गृह विभाग तिनटि जेहादी संगठनके निषिद्ध घोषणा करेछे । गृह विभागेर जारी करा निर्देशे बला हयैछे ये जामात -उल - मुजाहिदिन बांग्लादेश , आनसारुल्लाह बांग्ला टिम एवं आल कायदार सङ्गे जड़ित आनसार - अल- इस्लाम नामेर सन्नासवादी संगठनगुलोकै निषिद्ध घोषणा करा हयैछे । राज्येर विचार विभागेर गत २७ शे नभेश्वर प्रकाशित विवृति अनुयायि आसाम पुलिसेर अपराध अनुसन्धान शाखा एहि संगठनगुलोर गोपन योगायोग सम्पर्के आपत्तिजनक तथ्य लाभ करेछे । एहि संगठनगुलोर प्रचार माध्यमे करा कौनधरनेर प्रचार कार्यसूची भारतीय नागरिक सुरक्षा संहितार १८ धारा अनुयायि अपराध हिसेबे गण्य करा हबे ।

जल जीवन अभियानेर अधीने देशेर १५ कोटि अधिक परिवारके पाइपयोगे विशुद्ध पाणीय जलेर संयोग प्रदान करा हयैछे । गतकाल

লোকসভায় প্রশ্ন-উত্তর কালে এক প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী সি আর প্যাটেল জানান যে আরো ৪ কোটিরও অধিক পরিবারকে এই প্রকল্পের অধীনে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করার জন্য পাইপ যোগে সংযোগ প্রদান করা হবে । মন্ত্রী শ্রী পাতিল বলেন যে ২০১৯ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জল জীবন অভিযানের সূচনা করে দেশের প্রতিটি বাসগৃহে পাইপযোগে বিশুদ্ধ পানীয় জল পৌঁছে দেওয়ার কথা উল্লেখ করেছিলেন । কেন্দ্রীয় সরকার এই প্রকল্প রূপায়নের জন্য উত্তর-পূর্বাঞ্চলের রাজ্য গুলিকে ৯০ শতাংশ অর্থ প্রদান করছে ।

---

প্রসার ভারতীর অধ্যক্ষ নবনীত সেহগল পদত্যাগ করেছেন । তিনি গত দোসরা ডিসেম্বর তথ্য ও সম্প্রচার মন্ত্রকের কাছে পদত্যাগ পত্র প্রেরণ করেছিলেন যা গতকাল গ্রহণ করা হয়েছে । উল্লেখ্য ১৯শো ৮৮ সালের ভারতীয় প্রশাসনিক সেবার প্রবীন আধিকারিক নবনীত সেহগলকে ২০২৪ সালের মার্চ মাসে প্রসার ভারতীর অধ্যক্ষ হিসেবে নিযুক্তি প্রদান করা হয়েছিল । তবে এই পদত্যাগের কারণ সম্পর্কে শ্রী সেহগল কোন ধরনের মন্তব্য করেন নি ।

---

রাজ্যে ৬টি জনগোষ্ঠীর জনজাতিকরণ সম্পর্কে দাখিল করা প্রতিবেদনকে নিয়ে জনজাতীয় সংগঠনগুলির সমন্বয়রক্ষী সমিতি গতকাল দিশপুর জনতা ভবনে মন্ত্রী গোষ্ঠীর অধ্যক্ষ ডক্টর গোজ পেগুর সঙ্গে এক বৈঠকে মিলিত হয় । পরবর্তী পর্যায়ে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তু বিশ্ব শর্মার সঙ্গে অনুষ্ঠিত আলোচনার পর কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ , মুখ্যমন্ত্রী এবং জনজাতীয় সংগঠনগুলির সমন্বয়রক্ষী সমিতির মধ্যে ত্রিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হওয়ার সম্ভবনা সম্পর্কেও গতকাল আলোচনা করা হয় । বৈঠকে ডা: পেগু

মন্ত্রীগোষ্ঠীর জানানো অনুমোদন ছাড়াও ইতিমধ্যে তালিকাভুক্ত অনুসূচিত জনজাতির স্বার্থ ও অধিকার সুরক্ষিত রাখার জন্য প্রাদান করা প্রস্তাবের বিস্তারিত ব্যাখ্যা করেন । তিনি সমন্বয়রক্ষী সমিতিতে মন্ত্রীগোষ্ঠীর প্রতিবেদনের পঞ্চম ও ষষ্ঠ দুটি অধ্যায় পৃথক করে না পড়ে সমন্বিতভাবে পড়ার আহ্বান জানান । সমিতি এ সম্পর্কে একটি নিজস্ব বিশেষজ্ঞ কমিটি গঠন করে আগামী এক মাসের মধ্যে প্রতিবেদন দাখিল করবে বলে অবগত করে ।

পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে সমিতির মূখ্য আহ্বায়ক আদিত্য খাখলারী জানান---- **বাইট**

---

রাজ্যের পঞ্চায়েত , গ্রামোন্নয়ন ও পর্যটন মন্ত্রী রঞ্জিৎ কুমার দাস তিনদিনের বরাক উপত্যকা সফরে আগামীকাল শিলচর আসছেন । মন্ত্রী শ্রীদাস আগামীকাল শিলচরে কয়েকটি কার্যসূচীতে অংশগ্রহণ করে শ্রীভূমি চলে যাবেন । শ্রীভূমিতেও অনুরূপ কয়েকটি কার্যসূচীতে যোগদান করে আগামী রবিবার তিনি হাইলাকান্দি চলে যাবেন । মন্ত্রী শ্রীদাস রবিবার সকাল ১০ টায় আলগাপুর উন্নয়নখন্ড , সকাল ১১ টায় কাটলিছড়া উন্নয়নখন্ড পরিদর্শন করবেন । গ্রাম উন্নয়ন মন্ত্রী শ্রী দাস এরপর বেলা একটায় হাইলাকান্দি জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে একটি পর্যালোচনা বৈঠকে মিলিত হবেন । এরপর তিনি দলীয় কার্যসূচীতে যোগ দিয়ে বিকেল চারটে নাগাদ শিলচর ফিরে আসবেন । রবিবার শিলচরে রাত্রী যাপন করে সোমবার মন্ত্রী শ্রীদাস গুয়াহাটি ফিরে যাবেন ।

---

শ্রীভূমি জেলার খাদ্য ,গণবন্টন ও গ্রাহক পরিক্রমা বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে এখন থেকে জেলার সব হোটেল, রেষ্টুরেন্ট ও অনুরূপ প্রতিষ্ঠানে গ্রাহকদের জন্য প্রদান করা পানীয় জলের গুণগত মান জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগ বা বিভাগের অনুমোদিত ল্যাবরেটরি থেকে অবশ্যই পরীক্ষা করাতে নির্দেশ দিয়েছেন । এতে প্রতিষ্ঠানগুলিকে প্রতিমাসে পানীয় জলের বি আই এস স্ট্যান্ডার্ড অনুসারে ফিজিক্যাল , ক্যামিকেল ও মাইক্রো বায়োলজিকেল পরিমাপ যাচাইর আওতায় থাকতে হবে । পাশাপাশি প্রতিমাসের ১০ তারিখের মধ্যে পরীক্ষার রিপোর্ট জেলা স্বাস্থ্য আধিকারীক, পৌরসভা বা স্থানীয় লাইসেন্স প্রাদনকারী কর্তৃপক্ষের কাছে জমা দিতে হবে । নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে জনস্বাস্থ্য আইন , খাদ্য সুরক্ষা ও গুণগতমান আইনের অধীনে ব্যবস্থা গ্রহন করা হবে ।

---

বরাক ভ্যালী হোমিওপ্যাথিক কলেজ ডিমান্ড কমিটির এক সভা সম্প্রতি শ্রীভূমি শহরের সরস্বতী বিদ্যানিকেতনে অনুষ্ঠিত হয়েছে । প্রবীন নাগরিক বিদ্যুৎ পালের পৌরহিত্যে আয়োজিত সভায় ডিমান্ড কমিটির সাধারণ সম্পাদক প্রবাল পাল চৌধুরী বরাক উপত্যকায় একটি হোমিওপ্যাথিক কলেজ স্থাপনের দাবী জানিয়ে বক্তব্য রাখেন । সভায় বরাকের এই গণ দাবীকে অবিলম্বে পূরন করার দাবী জানিয়ে বিভিন্ন বক্তা বক্তব্য রাখেন ।

---